# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 28 June, 2025

কেরানীগঞ্জের একটি প্রিন্টিং কারখানায় ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে।শনিবার (২৮ জুন) দুপুরে আগুনের সূত্রপাত ঘটে।খবর পেয়ে ফায়ার সার্ভিসের তিনটি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করে।

ফায়ার সার্ভিসের পক্ষ থেকে জানানো হয়েছে, আগুন লাগার সঠিক কারণ এবং ক্ষয়ক্ষতির পরিমাণ এখনও জানা যায়নি।তবে তা নির্ণয়ের কাজ চলছে।

স্থানীয়রা জানান, হঠাৎ করেই কারখানা থেকে ধোঁয়ার কুণ্ডলী উঠতে দেখা যায়।মুহূর্তেই আগুন ছড়িয়ে পড়ে।তারা দ্রুত ফায়ার সার্ভিসে খবর দেন।

ফায়ার সার্ভিস কর্মীরা জানান, আগুন যাতে আশপাশে ছড়িয়ে না পড়ে, সে জন্য সর্বোচ্চ সতর্কতার সঙ্গে কাজ চলছে।আগুন এখনো পুরোপুরি নিয়ন্ত্রণে আসেনি।

এ ঘটনায় কেউ হতাহত হয়েছেন কি না, সে বিষয়ে এখনও নিশ্চিত কোনো তথ্য পাওয়া যায়নি।

অগ্নিকাণ্ড প্রিন্টিং কারখানা কেরানীগঞ্জ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:58

URL: https://www.timestodaybd.com/across-the-country/7758073839